

শিল্প উন্নয়ন ও গবেষণা সমন্বয় কমিটি (IDRCC) 'র পঞ্চদশ সভার কার্যবিবরণী

সভাপতি	: জাকিয়া সুলতানা সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ	: ১৫.০২.২০২২ খ্রি.
সময়	: বিকেল ৩.৪৫ ঘটিকা
স্থান/মাধ্যম	: ভার্চুয়াল (জুম অ্যাপস)

সভাপতি ডিজিটাল ট্রান্সফর্মের মাধ্যমে অনুষ্ঠিত ভার্চুয়াল সভায় সকলকে স্বাগত জানিয়ে শিল্প উন্নয়ন ও গবেষণা সমন্বয় কমিটি (IDRCC) 'র পঞ্চদশ সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ড. সমজিৎ কুমার পাল, পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার গ্রুপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) গত ৩১.১২.২০২১ তারিখে মৃত্যুবরণ করায় একটি শোক প্রস্তাব আনা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (আইসিটি, ইনোভেশন ও পলিসি রিসার্চ এ্যান্ড গ্লোবাল ইস্যুজ ম্যানেজমেন্ট) শিল্প উন্নয়নে গবেষণার গুরুত্ব তুলে ধরে শিল্প মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল ও সময়োপযোগী করার আহবান জানিয়ে শিল্প উন্নয়ন ও গবেষণা সমন্বয় কমিটির (IDRCC) পঞ্চদশ সভার কার্যপত্র উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (পলিসি রিসার্চ এ্যান্ড গ্লোবাল ইস্যুজ ম্যানেজমেন্ট ও ইনোভেশন) কে অনুরোধ করেন। সিনিয়র সহকারী সচিব (পলিসি রিসার্চ এ্যান্ড গ্লোবাল ইস্যুজ ম্যানেজমেন্ট ও ইনোভেশন) জানান গত ১০.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত চতুর্দশ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধন প্রস্তাব না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নে আলোচনাসমূহ উপস্থাপন করা হলো:

২. বিসিআইসি: চেয়ারম্যান বিসিআইসি জানান, To Neutralize Emitted Sulphur Dioxide (SO<sub>2</sub>) from Sulphuric Acid plant of TSPCL এবং (খ) To improve Electrical and mechanical Strength of insulator of BISFL-শিরোনামে দুইটি গবেষণা প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত গবেষণা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য BUET-এর কেমিক্যাল কৌশল বিভাগের একজন প্রফেসর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সহযোগী অধ্যাপক ও ড. মোঃ মহিউদ্দিন, নির্বাহী পরিচালক, বিসিআইসিকে প্রধান করে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। বর্তমানে উক্ত কমিটি প্রাথমিক ডাটা সংগ্রহ ও তা সমন্বয়ের উপর কাজ করছে। একই ভাবে To Neutralize Emitted Sulphur Dioxide (SO<sub>2</sub>) from Sulphuric Acid plant of TSPCL-শিরোনামে গবেষণার বিষয়েও কাজ চলমান রয়েছে বলে তিনি উল্লেখ করেন। ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট To improve Electrical and mechanical Strength of insulator of BISFL-এর বিষয়ে সভায় জানানো হয় যে বিষয়টি প্রকল্প প্রকৃতির হলেও এ ক্ষেত্রে Electrical and mechanical Strength of insulator বিষয়ে গবেষণার সুযোগ রয়েছে। চেয়ারম্যান, বিসিআইসি আরও জানান, বিসিআইসি'র প্রশিক্ষণ প্রতিষ্ঠান টিআইসিআই এর গবেষণা কাজে অভিজ্ঞতা রয়েছে। উক্ত প্রতিষ্ঠানটি দ্বারা বৈজ্ঞানিক গবেষণা পরিচালনা করা সম্ভব। বিসিআইসি কর্তৃক নিমকোটেড ইউরিয়া সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে চেয়ারম্যান, বিসিআইসি জানান নিমকোটেড ইউরিয়া ব্যবহার করা গেলে কিটনাশক ব্যবহার কম করতে হয়-এ ধারণা থেকেই ভারতে নিমকোটেড ইউরিয়া ব্যবহার হয়ে থাকে। এ লক্ষ্যে ২০১৭ সালে নিমকোড কম্পোজিশন-এর বিষয়ে অ্যানালাইসিস করার জন্য বিসিএসআরআই ও বিএডিসিকে অনুরোধ করা হয়। তৎপরিপ্রেক্ষিতে বাংলাদেশের মাটিতে নিমকোটেড ইউরিয়া ব্যবহার করা যায় কিনা তার প্রায়োগিক পরীক্ষার জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC) থেকে এখন পর্যন্ত কোনো প্রকার মতামত বা ফলাফল জানা যায়নি। নিমকোটেড ইউরিয়ার কেমিক্যাল কম্পোজিশন বের করার জন্য বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR) কে অনুরোধ করা হলেও এটা করা সম্ভব নয় বলে উক্ত প্রতিষ্ঠান জানিয়ে দেয় বলে সভাকে অবহিত করা হয়।

৩. বিএসইসি: চেয়ারম্যান বিএসইসি জানান, (ক) 'জিইএম কোং লিঃ এর উৎপাদিত ট্রান্সফরমার এর লস হ্রাস করা', (খ) 'এনটিএল এর উৎপাদিত পাইপের গুনগত মানোন্নয়নে ইনসাইট বিট কার্টার মেশিন আধুনিকায়ন', (গ) 'ইস্টার্ন টিউবস লিমিটেড-এর পণ্য বহুমুখীকরণের আওতায় এলইডি ব্যাটেন লাইট সংযোজন/উৎপাদন', (ঘ) গাজী ওয়ারস লিঃ কর্তৃক 'কোয়ালিটি কন্ট্রোল রুমের ইরেকশন পিরিয়ডে স্থাপিত Tensile Strength মেশিন ডিজিটাইজেশনকরণ'-এবং (ঙ) গাজী ওয়ারস লিঃ কর্তৃক 'কারখানা ইউনিট-১ এ স্থাপিত Vertical Enameling মেশিনের ভার্গিশ ফিল্টার মোডিফিকেশনকরণ'-শিরোনামে মোট ৫টি গবেষণা

প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। 'জিইএম কোং লিঃ-এর উৎপাদিত ট্রান্সফরমার-এর লস হ্রাস করা' ইস্যুতে কনসেপ্ট পেপার নিয়ে কাজ চলছে বলে তিনি উল্লেখ করেন। এ বিষয় বাজেট এর অপ্রতুলতার কথা তিনি সভাকে অবহিত করেন। বিএসইসি'র উৎপাদিত ট্রান্সফরমার-এর লস হ্রাস সংক্রান্ত গবেষণা প্রস্তাবের বিষয়ে বুয়েটের অধ্যাপক ড. কামরুল হাসান জানান, বিএসইসি কর্তৃক উৎপাদিত ট্রান্সফরমার-এর লস হ্রাস করার ক্ষেত্রে গৃহীত গবেষণার উদ্যোগটি সমন্বয়যোগ্য পদক্ষেপ। তিনি বলেন ট্রান্সফরমার লস হ্রাসকরণে Metallic Selection একটি গুরুত্বপূর্ণ বিষয়। শিল্পক্ষেত্রে নতুন নতুন ধারণা বা ইনোভেশন গবেষণার দিগন্ত প্রসারিত করবে বলে তিনি উল্লেখ করেন। এ পর্যায়ে চেয়ারম্যান, বিএসইসি বলেন, বিএসইসি শিল্প মন্ত্রণালয় ও বুয়েটের তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগের সাথে সমন্বিতভাবে কাজ করবে। উপস্থাপিত গবেষণা প্রস্তাবের Concept Paper উন্নয়নে প্রয়োজনে বুয়েটের পরামর্শ গ্রহণ করা হবে বলে তিনি সভায় উল্লেখ করেন।

৪. বিসিক: চেয়ারম্যান, বিসিক জানান (ক) "গত পাঁচ বছরে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ হতে বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণের প্রভাব নিরূপণ (IMPACT ASSESSMENT)" ও (খ) উদ্যোক্তা সৃষ্টি হলে এর প্রভাব কী হবে-শিরোনামে দুইটি মতামত প্রদানসহ "বিদ্যমান শিল্পনগরীসমূহের বর্তমান অবস্থা, চ্যালেঞ্জসমূহ ও উত্তরণের উপায়"-শিরোনামে একটি গবেষণা কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। "বিদ্যমান শিল্পনগরীসমূহের বর্তমান অবস্থা, চ্যালেঞ্জসমূহ ও উত্তরণের উপায়" শীর্ষক গবেষণার বিষয়ে প্রশ্নমালা (Questionnaire) প্রণয়ন করা হয়েছে। এতে দুই ধরনের প্রশ্নমালা প্রণয়ন করা হয়। যথা(১) উদ্যোক্তাদের জন্য প্রশ্নমালা ও (২) বিসিক কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশ্নমালা। চেয়ারম্যান, বিসিক আরও জানান, প্রাথমিক তথ্য প্রাপ্তির পর ডাটা অ্যানালাইসিস করা হবে। ২০১৫ হতে ২০১৭ এ সময় বিসিক কর্তৃক ১৩টি বিষয়ে গবেষণা পরিচালনা করা হয়েছে বলে উল্লেখ করা হয়। এ পর্যায়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগের অধ্যাপক ড. কামরুল হাসান বিসিকের গবেষণার বিষয়টি Product Oriented কিনা জানতে চাইলে জানানো হয় যে গবেষণার ক্ষেত্রে বিসিক কিছু কিছু বিষয়ে Specific Product নিয়ে কাজ করছে। যেমন: রংপুরের শতরঞ্জী শিল্প, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার সৌরপদ্ধিতে লবণ উৎপাদন, কৃষিভিত্তিক কৃষি পণ্য/খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প, এপিআই শিল্প পার্ক ইত্যাদি। জনাব কামরুল হাসান বলেন, বিসিক দেশব্যাপী কার্যক্রম পরিচালনা করায় বিসিকের প্রোডাক্টের মান উন্নত হলে দেশও উন্নত পণ্য পাবে। দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের জন্য বিসিকের R & D (Research & Development) খাতে বরাদ্দ বৃদ্ধিসহ গবেষণায় অধিক গুরুত্ব দিতে হবে।

৫. বিএসএফআইসি: জনাব মু: আনোয়ারুল আলম, যুগ্মসচিব (বিএসএফআইসি ও বিএসইসি), শিল্প মন্ত্রণালয় জানান ইত:পূর্বে কেবু এন্ড কোম্পানি (বিডি) লি. এর স্পিরিটের গুণগতমান বৃদ্ধিকল্পে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট কর্তৃক গবেষণার কাজটি সমাপ্ত হয়েছে। প্রতিবেদনটি মন্ত্রণালয়ে প্রেরিত হয়েছে। কেবু এন্ড কোম্পানি (বিডি) লি. এর ল্যাবরেটরিকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে প্রতিষ্ঠানটির ল্যাব ও ইটিপি এর জন্য আলাদা সমীক্ষা প্রকল্প হাতে নেয়া হয়েছে। যুগ্মসচিব (বিএসএফআইসি ও বিএসইসি), শিল্প মন্ত্রণালয় বলেন, বিএসএফআইসি গবেষণা কর্মে কিছুটা পিছিয়ে রয়েছে। বিশেষ করে গবেষণা সেলের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ অন্যান্য দায়িত্বে নিয়োজিত হওয়ায় বিভিন্ন বিষয়ে গবেষণা বিলম্বিত হচ্ছে। পাশাপাশি গবেষণা খাতে ইত:পূর্বে উল্লেখযোগ্য বাজেটও রাখা হয়নি। তিনি জানান, আগামী ২০২২-২৩ অর্থ বছর থেকে বিএসএফআইসি গবেষণাখাতে পর্যাপ্ত বরাদ্দ রাখবে।

৬. প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়: সভায় প্রধান বয়লার পরিদর্শক জানান, (ক) 'কনভেনসেন্ট ওয়াটার পুন:ব্যবহারের মাধ্যমে বয়লারের দক্ষতা বৃদ্ধি'; এবং (খ) 'অটো রাইস মিলে ব্যবহার উপযোগী বয়লার ডিজাইন প্রণয়নের লক্ষ্যে গবেষণা' শিরোনামে দুইটি গবেষণা প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ লক্ষ্যে একটি গবেষণা কমিটি গঠন করা হয়েছে। বাজেটের স্বল্পতার বিষয়টি উল্লেখ করে তিনি জানান, আগামী ২০২২-২৩ অর্থ বছর থেকে গবেষণাখাতে পর্যাপ্ত বরাদ্দ রাখা হবে। তিনি জানান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন সংস্থা বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর সহযোগিতায় বিসিএসআইআর কর্তৃক উদ্ভাবিত-স্বল্পচাপে মানসম্পন্ন বয়লার ডিজাইন ও ব্যবহারের বিষয়ে বিসিএসআইআর-এর পাইলট প্লান্ট ও প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার-এর কাজ শেষ হয়েছে। এটি টেকসই, মূল্য সাশ্রয়ী ও দুর্ঘটনারোধে সহায়ক বলে প্রধান বয়লার পরিদর্শক উল্লেখ করেন। আগামী ২০২২-২৩ অর্থ বছরে বিটাকের সহযোগিতায় অটোরাইস মিলে ব্যবহার উপযোগী বয়লার ডিজাইন প্রণয়নের লক্ষ্যে একটি গবেষণাকর্ম সম্পন্ন করা হবে-মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৭. বিএবি: সভায় মহাপরিচালক বিএবি জানান(ক) দেশীয় বাজারে হালাল পণ্যের চাহিদা ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও (খ) পণ্যের মান ব্যবস্থাপনায় প্রোডাক্ট সার্টিফিকেশনের গুরুত্ব-শিরোনামে বিএবি কর্তৃক দুটি গবেষণা প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে আগামীতে ধারণাপত্র প্রস্তুত করা হবে। সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, বিএবি জানান, বিএসটিআই



পণ্যের মান নিয়ন্ত্রণের বিষয়টি নিয়ে কাজ করে এবং বিএবি পণ্যের মান নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অ্যাক্রেডিটেশন প্রদান করে থাকে।

৮. ডিপিডিটি: রেজিস্ট্রার, ডিপিডিটি জানান, 'Ensuring SMEs Intellectual Property Rights in Bangladesh: Problems and Way Forward'-শিরোনামে একটি গবেষণা প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, গবেষণার গুরুত্ব ও গভীরতা বিবেচনায় এসএমই ফাউন্ডেশনের মেধাস্বত্বের বিষয়ে আউটসোর্সিং-এর মাধ্যমে অভিজ্ঞ কোন ফার্ম বা বিশেষজ্ঞ গ্রুপের মাধ্যমে গবেষণা সম্পন্ন করা যায়। রেজিস্ট্রার জানান, ইত:পূর্বে ২০২০-২১ অর্থ বছরে ডিপিডিটি Measurement of challenges for Pharmaceutical Industries in Bangladesh after Graduation from LDCs: Patent Perspective-শিরোনামে একটি গবেষণাকর্ম সম্পন্ন করে।

৯. বিটাক: মহাপরিচালক, বিটাক বলেন (ক) Manufacturing of Die and Punch for LPG (Liquefied Petroleum Gas) Cylinder using indigenous technology. (খ) Design and Development of bar Feeder/ puller for CNC Lathe Machine ও (গ) Development of CNC Plasma Cutting (Router) Machine.-শিরোনামে বিটাক থেকে ৩টি গবেষণা প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এর মধ্যে Manufacturing of Die and Punch for LPG (Liquefied Petroleum Gas) Cylinder using indigenous technology ও Design and Development of bar Feeder/ puller for CNC Lathe Machine-এর অগ্রগতি প্রায় ৭০%। বিটাক চট্টগ্রাম কেন্দ্রের মাধ্যমে সম্পাদিত গবেষণা Development of CNC Plasma Cutting (Router) Machine-এর গবেষণার বিষয়টি কিছুটা পিছিয়ে থাকলেও এর কাজ বর্তমানে চলমান রয়েছে। সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, বিটাক জানান খোলাই খালসহ ঢাকার নিকটবর্তী এলাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকার লাইট ইঞ্জিনিয়ারিং-এর ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে বিদেশি সহযোগিতায় দেশে একটি অটোমোবাইল প্রান্ত তৈরি করা সম্ভব।

১০. এসএমই ফাউন্ডেশন: সভায় জানানো হয় ২০২১-২২ অর্থবছরে এসএমই ফাউন্ডেশন কর্তৃক (ক) 'Development of Technical and Vocational Education System in Bangladesh' এবং (খ) 'Financing SMEs in Bangladesh: Lessons from the German Experience' শিরোনামে দুটি গবেষণাকর্ম সম্পন্ন করা হয়েছে। উক্ত গবেষণাকর্ম ২টি মানসম্পন্ন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভাপতি জানান প্রতিটি দপ্তর/সংস্থাকে বছরে ২টি গবেষণাকর্ম সম্পন্ন করতে হবে যদিও বৃহৎ পরিসরের গবেষণার ক্ষেত্রে সময়াবদ্ধতা নির্ধারণ করে দেওয়া সমীচীন নয়।

১১. এনপিও: জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও জানান (ক) Opportunities and Challenges for Post Covid-19 (খ) Identify Ways to Enhance Productivity of State Owned Sugar Mills (গ) To Save Energy loss by reducing steam and gas leakage and Recycle of Condensate etc. for all Urea Fertilizer Factories-শিরোনামে এনপিও কর্তৃক ৩টি গবেষণাকর্ম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে একটি কর্মপরিশি প্রস্তুতির লক্ষ্যে এনপিও শিল্প মন্ত্রণালয়ের নীতি শাখার সাথে সমন্বিতভাবে কাজ করছে। জনাব আরিফুজ্জামান জানান আউটসোর্সিং-এর মাধ্যমে এনপিও উক্ত গবেষণা কার্যক্রম সম্পন্ন করবে। এনপিও'র গবেষণা টাইটেল Opportunities and Challenges for Post Covid-19-এর বিষয়ে সভাপতি জানান বিষয়টিতে শুধু এনপিও নয় বরং শিল্প মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা এ বিষয়ে কাজ করতে পারে।

১২. বিআইএম: সভায় জানানো হয় যে ২০২১-২২ অর্থবছরে বিআইএম কর্তৃক ১৫টি গবেষণাকর্ম সম্পন্ন করা হয়। এর মধ্যে ১০টি গবেষণাকর্ম বিআইএম-এর নিজস্ব এবং ৫টি গবেষণাকর্ম বিভিন্ন দেশি বিদেশি সংস্থার কাজ যা প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। জনাব মোহাম্মদ সাঈদুর রহমান, ব্যবস্থাপনা উপদেষ্টা, বিআইএম জানান আগামী ২০২২-২৩ অর্থবছরের গবেষণার জন্য বিআইএম কর্তৃক ১৩টি গবেষণা প্রস্তাব করা হয়েছে।

১৩. বিএসটিআই: মহাপরিচালক, বিএসটিআই জানান, ইতোমধ্যে বিএসটিআই Development of an Efficient Method in BSTI for Analysis of Vitamin A in Fortified Edible Oil-শিরোনামে একটি গবেষণাকর্ম সম্পন্ন করেছে। বর্তমানে: (ক) Development of an improved method in BSTI for analysis of Benzoic Acid and Sorbic Acid for fruits and vegetable products এবং (খ) Development of an improved method in BSTI for analysis of Copper in Bakery products by Atomic Absorption Spectrophotometer (AAS)-শিরোনামে দুটি গবেষণা প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও ইতোমধ্যে Development of an improved method in BSTI for analysis of Benzoic Acid and Sorbic Acid for fruits and vegetable products-

শিরোনামের গবেষণাকর্ম সম্পন্ন হয়েছে এবং Development of an improved method in BSTI for analysis of Copper in Bakery products by Atomic Absorption Spectrophotometer (AAS)-শিরোনামের গবেষণা আগামী ডিসেম্বর ২০২২ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। মহাপরিচালক, বিএসটিআই আরও জানান, বিএসটিআইতে ১৩ সদস্য বিশিষ্ট একটি হালাল সার্টিফিকেশন কমিটি কাজ করছে।

১৪. সভায় জনাব মোঃ জসীম উদ্দীন বাদল, উপসচিব (অডিট), শিল্প মন্ত্রণালয় ও পরিচালক, বিআইএম জানান বিআইএম আগামী ২৭.০২.২০২২ হতে ০৩.০৩.২০২২ সময়ে মানসম্পন্ন গবেষণা ধারণাপত্র (Concept Paper) প্রস্তুতের লক্ষ্যে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করবে। তিনি বলেন গবেষণা কার্যক্রম যথাযথভাবে শুরু করার লক্ষ্যে মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থার জন্য একটি অভিন্ন মডেল Concept Note তৈরি করা যেতে পারে। তিনি আরও জানান ইক্ষু চাষে প্রক্রিয়াগত লোকসান (Process Loss) কীভাবে কমানো যায় সে বিষয়ে আমাদেরকে কাজ করতে হবে। তিনি বলেন, আগে গবেষণার মাধ্যমে নতুন নতুন ইক্ষুজাত যেমন: ঈশ্বরদী ২৪, ঈশ্বরদী ৩৪, ঈশ্বরদী ৫২৭, ঈশ্বরদী ৯৭৫, ঈশ্বরদী ১১৫৭ ইত্যাদি মিলে আসলেও বর্তমানে নতুন জাত আসে না। এ প্রসঙ্গে তিনি সুগার মিলে 'হ্যালোচাষি' কর্মসূচির অভিজ্ঞতা তুলে ধরেন। এ পরিপ্রেক্ষিতে ড. মোঃ আনিছুর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী জানান, বিএসআরআই ২০১৯-২০২২ এই সময়ে ইক্ষু জাত বিএসআরআই ৪৩, বিএসআরআই ৪৪, বিএসআরআই ৪৫, বিএসআরআই ৪৬ ও বিএসআরআই ৪৮ আবিষ্কার করতে সক্ষম হয়েছে। এ জাতের (ভ্যারাইটি) বিষয়ে সুগার মিলের কর্মকর্তাগণ অবহিত আছেন বলে তিনি উল্লেখ করেন। বাংলাদেশের গড় সুগার কন্টেন্ট-এর মান ১৩.৮৯ যার সর্বোচ্চ মানমাত্রা ১৫.১১ বলে তিনি সভায় উল্লেখ করেন। জনাব আনিছুর রহমান আরও জানান প্রতিটি সুগার মিলে Seed প্রোগ্রাম করা হয় এবং মাঠ পর্যায়ে সুগার মিলের কর্মকর্তাদের উপস্থিতিতে এর প্রয়োগ/কার্যকারিতা সরেজমিনে মূল্যায়ন করা হয়। আগামী তিন বছরের মধ্যে বিএসআরআই ৫০-৬০ হাজার একর জমিতে উন্নত মানের ইক্ষু বীজ (seed) সরবরাহ করতে সমর্থ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

১৫. সভাপতি বলেন, শিল্প মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রয়োজনের নিরিখে গবেষণা পরিচালনা করবে। গবেষণার জন্য প্রাথমিকভাবে একটি মডেল Concept Paper তৈরি করা যেতে পারে। এ বিষয়ে বিআইএম সহযোগিতা করতে পারে বলে তিনি অভিমত জ্ঞাপন করেন। ইতোমধ্যে সম্পাদিত সকল গবেষণাকর্মের বুক বাইন্ডিং করতে হবে। প্রয়োজনে এটি পার্ট বা ভলিউম আকারেও মন্ত্রণালয়ের অনুবিভাগ, দপ্তর/সংস্থা, মন্ত্রণালয়ের লাইব্রেরি ও মাস্টার কপি হিসেবে সংরক্ষণ করা যেতে পারে। তিনি জানান দপ্তর/সংস্থার ওয়েবসাইটে (ক) রিসার্চ পেপার ও (খ) কনসেপ্ট নোটের জন্য দুটি লিংক রাখা যেতে পারে। তিনি বলেন নতুন কোন বিষয় গবেষণা এবং গবেষণালব্ধ জ্ঞান ও এর বাস্তব প্রয়োগের ক্ষেত্রে জনসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। সভাপতি বলেন, আগামী ২০২২-২৩ অর্থবছর থেকে প্রতিটি দপ্তর/সংস্থাকে গবেষণার জন্য বাজেট কোর্ডে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে। শিল্প মন্ত্রণালয় দেশব্যাপী অনেক গুরুত্বপূর্ণ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করছে। এ সকল উন্নয়ন প্রকল্পের সঠিক বাস্তবায়নে সংশ্লিষ্ট বিষয়ে গবেষণার প্রয়োজন রয়েছে। সভাপতি জানান গবেষণার গুরুত্ব ও এর একাডেমিক, প্রযুক্তিগত ও কারিগরি বিষয় বিবেচনা করে গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনে অভিজ্ঞ ফার্ম বা বিশেষজ্ঞ গুপকে আউটসোর্সিং করা যেতে পারে। তিনি যে কোন গবেষণাকর্ম/গবেষণার Concept Paper সকলকে অবহিত করার জন্য তা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন, শিল্পক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধিতে R & D (Research & Development) এর গুরুত্ব অপরিসীম। দেশের শিল্পক্ষেত্রে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও তা সমাধানের লক্ষ্যে করণীয় যথাযথভাবে নির্ধারণে গবেষণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ ক্ষেত্রে সকলের সম্মিলিত প্রচেষ্টায় কাজিত লক্ষ্য অর্জন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।


#### ১৬. গৃহীত সিদ্ধান্ত :

ক্র: নং:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	মানসম্পন্ন গবেষণা ধারণাপত্র (Concept Paper) প্রস্তুতের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিয়ে বিআইএম একটি প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করবে। প্রশিক্ষণ শেষে গবেষণা কার্যক্রমের উপর বিআইএম একটি মডেল Concept Paper প্রস্তুত করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;	বিআইএম
২	গবেষণাকর্মের তথ্য (রিসার্চ পেপার ও কনসেপ্ট নোট) দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;	দপ্তর/সংস্থা (সকল)
৩	মন্ত্রণালয়ের প্রতিটি দপ্তর/সংস্থা বছরে কমপক্ষে ২টি গবেষণাকর্ম সম্পাদন করবে;	দপ্তর/সংস্থা (সকল)



ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪	নিমকোটেড ইউরিয়া ব্যবহারে নিমকোড কম্পোজিশন এর বিষয়ে পরবর্তী সভায় বিসিআইসি Analysis Report-এর অগ্রগতি দাখিল করবে;	বিসিআইসি (সকল)
৫	২০২২-২৩ অর্থ বছর থেকে শিল্প মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থাকে গবেষণাখাতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে এবং	দপ্তর/সংস্থা (সকল)
৬	গবেষণাকর্ম সম্পাদনের ক্ষেত্রে গবেষণার গুরুত্ব বিবেচনায় প্রয়োজনে অভিজ্ঞ ফার্ম বা বিশেষজ্ঞ গুপকে আউটসোর্সিং করা যাবে।	দপ্তর/সংস্থা (সকল)
৭	Challenges and Opportunities for Post Covid-19-শিরোনামে সকল দপ্তর/সংস্থা গবেষণা সম্পাদন করতে পারবে।	দপ্তর/সংস্থা (সকল)
৮	যে কোন গবেষণাকর্ম/গবেষণার concept paper সকলকে অবহিত করার জন্য তা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
29/02/2022  
জাকিয়া সুলতানা  
সচিব